বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৪

তারিখঃ- ২৪ শ্রাবণ, ১৪২৬ / ০৮ আগস্ট, ২০১৯

প্রধান নির্বাহী/ ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪-তম শাহাদাত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস-২০১৯' পালন উপলক্ষে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ০৬/০৮/২০১৯ তারিখের সূত্র ৫৩.০০.০০০০.২১১.২৩.০০৩.১৮-৫২৯ এর কপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

সংযুক্তি ঃ ০৩ (তিন)

আপনাদের বিশ্বস্ত,

(জয়শ্রী বাগচী)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৪৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও কল্যাণ শাখা
www.fid.gov.bd

**বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষ্যে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ আসাদুল ইসলাম, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
সভার স্থান : আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সভা কক্ষ (কক্ষ নং-৩৩১, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়)।
সভার তারিখ : ০৪ আগস্ট ২০১৯
সভার সময় : সকাল ১০.৩০ টা।

**সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট "ক"**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি দিবসটির তাৎপর্য তুলে ধরে দিক নির্দেশনা প্রদান করেন এবং সভার আলোচনা শুরু করার জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব জনাব এ.বি.এম রুহুল আজাদকে অনুরোধ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব জনাব এ.বি.এম রুহুল আজাদ মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত 'জাতীয় শোক দিবস ২০১৯' যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে গত ০২ জুলাই ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত কর্মসূচির আলোকে এ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জন্য কর্মসূচি গ্রহণ এবং বাস্তবায়নের বিষয়ে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর/সংস্থার প্রতিনিধিগণের মতামত আহবান করেন।

৩। সভায় বাংলাদেশ ব্যাংকসহ চারটি রেগুলেটরি প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালকগণ/প্রতিনিধিগণ 'জাতীয় শোক দিবস ২০১৯' যথাযথভাবে পালনে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষ থেকে গৃহীত কর্মসূচির বিস্তারিত বিবরণ উল্লেখ করেন। এ পর্যায়ে তারা জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, কার্যালয়ে ব্যানার ও পোস্টার টানানো, ১ আগস্ট থেকে কালোব্যাজ ধারণ, ১৫ আগস্ট শোক র‍্যালীতে অংশগ্রহণ, গণভোজ, আলোচনা সভা, কোরআনখানি, দোয়া ও মিলাদ মাহফিল, রচনা প্রতিযোগিতা, ডকুমেন্টারী প্রদর্শন এর আয়োজন করা হয়েছে।

৪। এ পর্যায়ে অতিরিক্ত সচিব জনাব জনাব এ.বি.এম রুহুল আজাদ বলেন যে, প্রতিটি দপ্তর/সংস্থাকে তাদের নিজ নিজ কর্মসূচির পাশাপাশি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জেলা এবং উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয়সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

৫। এ পর্যায়ে সভাপতি বলেন যে, জাতির পিতার শাহাদত বার্ষিকীতে আয়োজিত জাতীয় শোক দিবসের অনুষ্ঠান শুধুমাত্র আনুষ্ঠানিকতার মধ্যে যাতে সীমাবদ্ধ হয়ে না পড়ে সেদিকে লক্ষ্য রাখতে হবে। প্রতিটি প্রতিষ্ঠান তাদের সেবা কার্যক্রমের সাথে প্রাসঙ্গিকতা বজায় রেখে জাতির পিতার জীবনের কোন বিশেষ দিক, কর্মকৃতি, বক্তব্য বা বাণীকে উপজীব্য করে শোক দিবসের আলোচনার বিষয়বস্তু নির্ধারণ করতে পারে। আলোচনা সভায় নিজ নিজ প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সুবিধাভোগী বা সহযোগী প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদেরকে উপস্থিত রাখার পদক্ষেপ গ্রহণ করতে পারে।

৬। সভাপতি আরো বলেন যে, জাতীয় শোক দিবস উপলক্ষ্যে প্রস্তুতকৃত সকল ব্যানার/পোস্টারের লেখা ও ছবি যাতে সঠিকভাবে প্রদর্শন করা হয় তার প্রতি যত্নবান হতে হবে। এছাড়া তিনি শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠান যথাযথ মর্যাদা ও শৃঙ্খলার সাথে পালন নিশ্চিত করার জন্য সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীগণকে অনুরোধ করেন। অনুষ্ঠানসমূহে ভাবগাম্ভীর্যতা বজায় রাখতে হবে যাতে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতি যথাযথ সম্মান, শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ পায়। শোক দিবসের অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পরিবারের সদস্যদেরকে আমন্ত্রণ জানানো যেতে পারে। প্রতিটি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ফ্রন্টডেস্কে দৃশ্যমান স্থানে বঙ্গবন্ধুর বিভিন্ন বাণী উৎকীর্ণ করা যেতে পারে।

৭। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

(৭.১) জাতীয় কর্মসূচীর সঙ্গে সঙ্গতি রেখে এ বিভাগ এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা তাদের নিজ নিজ কর্মসূচী প্রণয়ণ ও বাস্তবায়ন করবে।

(৭.২) জেলা ও উপজেলা পর্যায়ে প্রশাসন কর্তৃক আয়োজিত জাতীয় কর্মসূচীতে এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করবে।

(৭.৩) বাংলাদেশ ব্যাংকসহ সকল রেগুলেটরি প্রতিষ্ঠান তাদের নিয়ন্ত্রণাধীন বেসরকারি ব্যাংক/প্রতিষ্ঠানকে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষ থেকে জাতীয় শোক দিবসের কর্মসূচি পালনের জন্য নির্দেশনা প্রদান করতে পারে।

(৭.৪) শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠান যাতে সুশৃঙ্খলভাবে সুসম্পন্ন হয় তা নিশ্চিত করতে হবে।

(৭.৫) আয়োজিত অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ করে তার সফট কপি এ বিভাগে প্রেরণ করতে হবে।

(৭.৬) আগামী ২৫ আগস্ট অর্থ বিভাগ ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক মাননীয় অর্থমন্ত্রীর উপস্থিতিতে আয়োজিত আলোচনা সভায় সংশ্লিষ্টগণ উপস্থিত থাকবেন।

৮। পরিশেষে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৯ যথাযথভাবে পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ আসাদুল ইসলাম)
সিনিয়র সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

নম্বর-৫৩.০০.০০০০.২১১.২৩.০০৩.১৮: ৫২৬ | তারিখ: ০৬ আগস্ট ২০১৯

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ই-৬/সি, আগারগাঁও, ঢাকা।
৩। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭ দিলকুশা বা/এ, ঢাকা।
৪। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি, বড় মগবাজার, রমনা, ঢাকা।
৫-১০। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/অগ্রণী/জনতা/রূপালী/বেসিক/বিডিবিএল ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
১১-১৭। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক/কর্মসংস্থান ব্যাংক/আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক/প্রবাসী কল্যাণ ব্যাংক/পল্লী সঞ্চয় ব্যাংক/গ্রামীন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা/রাজশাহী।
১৮-২১। ব্যবস্থাপনা পরিচালক, আইসিবি/বিএইচবিএফসি/জীবন বীমা কর্পোঃ/সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।

২২-২৮। ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ/বিএমডিএফ/এসডিএফ/ দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ/সৌদি-বাংলা ইন্ডাস্ট্রিয়াল ইনভেস্টমেন্ট কোম্পানি লিঃ/দি ইউএই-বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানি লিঃ/ বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা/গাজিপুর।

২৯। পরিচালক, বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমি, ৫৩, মহাখালি, ঢাকা।

৩০। নির্বাহী প্রেসিডেন্ট, বিআইসিএম, বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।

২। সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (অতিরিক্ত সচিবগণের সদয় অবগতির জন্য)।

৪। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (যুগ্মসচিবগণের সদয় অবগতির জন্য)।

০৮/০৫/২২

(মোঃ সাঈদ কুতুব)

উপসচিব